

# ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়ঃ ২০, দিলকুশা বা/এ, ঢাকা।

## ক্যালেন্ডার ও ডায়েরী ২০১৭ মুদ্রণ কাজের জন্য দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ২০১৭ ইংরেজী সালের ক্যালেন্ডার ও ডায়েরী মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য আত্মহী প্রথম শ্রেণীর মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের (যাদের ঢাকাতে নিজস্ব উন্নত মানের আধুনিক প্রেস রয়েছে) নিকট থেকে সালমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আইটেমসমূহ ও কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত সিডিউল (ক্যালেন্ডার ও ডায়েরীর জন্য পৃথক পৃথক) প্রতিটি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ২৮.০৯.২০১৬ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা থেকে ক্রয় করা যাবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর যে কোন শাখা থেকে অত্র ব্যাংকের অনুকূলে উদ্ধৃত মূল্যের ২.৫% জামানত পে-অর্ডার আকারে সংযুক্ত করে নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত সিডিউলে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণ পূর্বক আগামী ২৯.০৯.২০১৬ইং তারিখে বেলা ০৩:০০ টার মধ্যে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ, ঢাকা-তে রক্ষিত বাক্সে ফেলতে হবে যা একই দিন বেলা ০৩:১০ মিনিটে উপস্থিত দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েব সাইট [www.islamibankbd.com](http://www.islamibankbd.com) এ দেখা যাবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল কিংবা প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করেন।

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট